

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা।
Website: www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.৯৯.১৮৮(৪).০৬. ৪০৭

তারিখঃ ২০/০১/১৯ খ্রিঃ।


বিষয়ঃ কোটালীপাড়া ইউসিসিএলিঃ, গোপালগঞ্জ এর নিজস্ব তহবিল থেকে ২৯.০০ লক্ষ টাকা ঋণ বিনিয়োগ অনুমোদন।

সূত্রঃ গোপালগঞ্জ জেলা দপ্তরের স্মারক নং- ৪৭.৬২.৩৫০০.০০০.০৩.০৪১.১৭.২২৬৪, তাং-০৬/০১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাবমতে কোটালীপাড়া ইউসিসিএ'র নিজস্ব তহবিল থেকে ২০১৮-১৯ অর্থবছরে আবেদনকৃত সংযুক্ত তালিকায় বর্ণিত ০৯টি সমবায় সমিতির ১১১ জন সদস্যের মধ্যে বোরো/মৎস্য চাষ খাতে ২৯.০০ লক্ষ (উনত্রিশ লক্ষ) টাকা ঋণ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বিতরণের অনুমোদন দেয়া হলোঃ-

- ১।(ক) পূর্বের গৃহীত ঋণ সমিতি ও সদস্য কর্তৃক ১০০% পরিশোধ এবং ঋণ গ্রহীতা সদস্যদের ১০% শেয়ার ১০% সঞ্চয় জমা থাকতে হবে। সরেজমিনে সমিতি পরিদর্শনপূর্বক সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ আদায়ের বিষয়টি নিশ্চিত হয়ে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। কিস্তিতে ঋণ আদায় মনিটর করতে হবে এবং কিস্তিতে ঋণ আদায় না হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - (খ) ঋণ গ্রহীতা সমিতির খাতাপত্র হালনাগাদসহ সমিতির সাইনবোর্ড আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সমিতির সভ্য রেজিস্ট্রার ইউসিসিএতে সংরক্ষিত সভ্য তালিকার সাথে যথাযথভাবে যাচাই করে মিলিয়ে নিতে হবে।
 - (গ) নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ সরকার প্রদত্ত কোনরূপ (আসল, সুদ ও দণ্ডসুদ) মওকুফ বা রেয়াতী সুবিধার আওতাভুক্ত হবে না। ঋণ বিতরণের পূর্বেই এমর্মে ঋণ গ্রহীতাদের নিকট থেকে অঙ্গীকার পত্র গ্রহণ করতে হবে।
 - (ঘ) বিআরডিবি'র স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯ তাং-০৬/৬/১৮ খ্রিঃ মূলে জারিকৃত ইউসিসিএ'র নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে এবং সর্বোচ্চ সতর্কতা ও স্বচ্ছতা অবলম্বন করতে হবে। ঋণের সেবামূল্য সরল হারে (Flat rate method) বার্ষিক ১১% হবে।
 - (ঙ) নিজস্ব তহবিলের ঋণ বিনিয়োগের সংশোধিত নীতিমালার ১৪ নং-শর্তানুসারে নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট ইউসিসিএ'র কার্য-নির্বাহী পরিষদ, সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ দায়ী থাকবেন।
 - (চ) ঋণ গ্রহণেচ্ছু সদস্যগণের ঋণ প্রক্রিয়াকরণের সময় জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত (এআরডিও কর্তৃক) কপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। ঋণ বিতরণের সময় জাতীয় পরিচয় পত্রের মূল কপির সাথে সদস্যের স্বাক্ষর, ছবি ও অন্যান্য তথ্য মিলিয়ে দেখতে হবে। ঋণ গ্রহীতার নাম ও অন্যান্য তথ্য সভ্য রেজিস্ট্রারের সাথে মিল থাকতে হবে।
 - (ছ) আদায় অগ্রগতি নিয়মিত মনিটর করার জন্য সাপ্তাহিক ঋণ আদায় শীট (WCS) ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ২। উপপরিচালক, গোপালগঞ্জ এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোটালীপাড়া ঋণ বিতরণ কার্যক্রম ব্যক্তিগতভাবে তদারকি করে সুষ্ঠু বিতরণ নিশ্চিত করবেন, যাতে ১০০% ঋণ ও সেবামূল্য আদায় নিশ্চিত হয়।
 - ৩। ঋণ বিতরণের তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সমবায়ীদেরকে ঋণের সঠিক ব্যবহার ও যথাসময়ে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৯টি সমিতির নামের তালিকা।


মোঃ মাহমুদুল হোসাইন খান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
গোপালগঞ্জ।

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপিঃ-

- ১। সভাপতি/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোটালীপাড়া ইউসিসিএ, গোপালগঞ্জ।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সরেজমিন বিভাগ, ঋণ শাখা।
২০১৮-১৯ অর্থবছরে কোটালীপাড়া ইউসিসিএ, গোপালগঞ্জ এর নিজস্ব তহবিল থেকে মঞ্জুরীকৃত ০৯টি প্রাথমিক সমবায়
সমিতির নামের তালিকা।

(লক্ষ টাকায়)

ক্র.নং	সমিতির নাম	সদস্য সংখ্যা	ঋণের খাত	২০১৮-১৯ অর্থ বছরে নিজস্ব তহবিল থেকে অনুমোদিত ঋণ
১.	পূর্ব পচাপাড়া কেএসএস	১৯	বোরো/মৎস্য চাষ	৫.২০
২.	পঃ হরিনাহাটি "	০৭	"	৩.০০
৩.	উঃ সিতাই কুন্ড "	১৪	"	৪.০০
৪.	উনশিয়া "	১৩	"	২.৭০
৫.	কদম বাড়ী "	১২	"	২.০০
৬.	পঃ কুনজুবন "	১২	"	৩.৩০
৭.	পঃ ভুতের বাড়ী "	১৮	"	৪.৪০
৮.	পূর্ব পিনজুরী "	০৮	"	২.৭০
৯.	কালিকা বাড়ী "	০৮	"	১.৭০
	মোট-	১১১		২৯.০০

(উনত্রিশ লক্ষ)

আ.গোষা ফেরদৌসী
সহকারী পরিচালক (খান-২)
বিআরডিবি, ঢাকা।

এ কে এম আশরাফুল ইসলাম
উপপরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।
10.01.19

বিআরডিবি, ঢাকা।